দৈনিক
ইত্তেফাক

তারিখ 31 MAR 2007
পৃষ্ঠা ৬ কলাম ৪

# ম্যাটস বা মেডিক্যাল স্কুলকে আইএইচটিতে রূপান্তর প্রসঙ্গে

সম্প্রতি পত্র-পত্রিকার খবরে জানা যায়, দেশের পাঁচটি ম্যাটসকে আইএইচটিতে রূপান্তরের চিন্তা-ভাবনা করছে সরকার। আমি আলোচ্য পাঁচটি মেডিক্যাল এসিসটেন্ট ট্রেনিং স্কুল বা ম্যাটস'র একটি থেকে বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদের অধীনে চিকিৎসা বিজ্ঞানের তিন বছর মেয়াদী কোর্স সাফল্যের সাথে সম্পন্ন করেছি। কিন্তু বাংলাদেশ মেডিক্যাল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক স্বীকৃত একজন ডিপ্লোমাধারী হয়েও আমি উক্ত চিন্তা-ভাবনার সাথে দ্বিমত পোষণ করছি। সত্যিই যদি সরকার এরকম চিন্তা-ভাবনা করে থাকে তাহলে শুধু আমি নই, ম্যাটসে অধ্যয়নরত সকল শিক্ষার্থী, ইতোমধ্যে ডিপ্লোমা কোর্স সম্পন্নকারী এবং স্বাস্থ্য অধিদপ্তরের আওতায় কর্মরত চিকিৎসা সহকারী বা পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অধীনে কর্মরত সকল উপ-সহকারী কমিউনিটি মেডিক্যাল অফিসার চরম হতাশার পাশাপাশি নিজেদের পেশাগত অস্তিত্ব নিয়ে দুর্বিষহ ভাবনায় পড়বে। যার প্রতিফলনে তৃণমূল পর্যায়ে চিকিৎসাসেবা কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হবে।

স্বাস্থ্য অধিদপ্তরের মতে, বাগেরহাট, টাঙ্গাইল, সিরাজগঞ্জ, নোয়াখালী ও কুষ্টিয়ায় পাঁচটি ম্যাটস চালু থাকলেও সেখানে আগ্রহী ছাত্র/ছাত্রীর সংখ্যা খুবই কম। বস্তুত এর সাথে বাস্তবতার মিল নেই বললে অত্যুক্তি হবে না। শুধু ভর্তি পরীক্ষায় আগ্রহী প্রার্থী বা কম প্রতিযোগী থাকার কারণে চিকিৎসা বিজ্ঞানের একটি গুরুত্বপূর্ণ ডিপ্লোমা শিক্ষা প্রতিষ্ঠানকে ভিন্ন আঙ্গিকে রূপান্তরের চিন্তা-ভাবনা করা ঠিক হবে না। প্রসঙ্গক্রমে– সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, ম্যাটস থেকে ডিপ্লোমা সম্পন্নকারীদের দীর্ঘদিন ধরে সরকারী চাকরিতে নিয়োগ না হওয়ায় মূলত কোর্সটি নিয়ে শিক্ষার্থীদের আগ্রহের ঘাটতি দেখা দিয়েছে। সাম্প্রতিক সময়ে পরিবার পরিকল্পনা অধিদপ্তরে নিয়োগ প্রক্রিয়াধীন ৪১০ জন উপ-সহকারী কমিউনিটি মেডিক্যাল অফিসার এবং স্বাস্থ্য অধিদপ্তরের আওতাধীন ৩১৭৬টি নবসৃষ্ট চিকিৎসা সহকারীর শূন্য পদে দ্রুততার সাথে নিয়োগ প্রদান নিশ্চিত করলে ম্যাটসে ভর্তি প্রার্থী আগ্রহী শিক্ষার্থীদের সংখ্যা নাটকীয়ভাবে বেড়ে যাবে বলে আমি মনে করি।

আশা করি, মাননীয় প্রধান উপদেষ্টা ও স্বাস্থ্য উপদেষ্টাসহ সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষ এ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন, যাতে করে ম্যাটসগুলোকে আইএইচটিতে রূপান্তরের চিন্তা-ভাবনা না করা হয়। অধিকন্তু গ্রামীণ জনগোষ্ঠীর চিকিৎসাসেবা নিশ্চিত করার লক্ষ্যে ম্যাটস থেকে ডিপ্লোমা কোর্সধারীদের অতিশীঘ্র নিয়োগের ব্যবস্থা গ্রহণ অতীব জরুরী।

ডা. মোহাম্মদ দীদার হোসেন,
*প্রাক্তন শিক্ষার্থী, ম্যাটস, নোয়াখালী।*